গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

বিষয় : সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের 'নৈতিকতা কমিটি'র ৪র্থ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ খায়রুল আলম সেখ<br>সচিব |
| সভার তারিখ | : | ২৯ এপ্রিল ২০২৪ |
| সভার সময় | : | বেলা ১১:৩০ টা |
| স্থান | : | জুম প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

২.০ আলোচনা

২.১ সভাপতি ভার্চুয়াল সভায় সংযুক্ত সকলকে স্বাগত জানানোর মাধ্যমে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, শুদ্ধাচার কৌশল প্রণয়নের মূল উদ্দেশ্য সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে স্ব স্ব কর্ম সম্পাদনের মাধ্যমে সরকারের সকল কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা করা।

২.২ সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা) বলেন যে, সকল দপ্তর/সংস্থার শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের উদ্যোগ অব্যাহত রাখতে হবে। ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। সভার সিদ্ধান্তও বর্ণিত কোয়ার্টারে বাস্তবায়ন করতে হবে। সভায় ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পর্যালোচনা করা হয় এবং সে আলোকে বাস্তবায়নের বিষয়ে সকলে একমত পোষণ করেন।

২.৩ তিনি আরো উল্লেখ করেন যে, ২০২৪-২০২৫ অর্থবছরের খসড়া শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। অদ্যকার সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৪-২০২৫ অনুযায়ী পর্যালোচনা করে অনুমোদন করতে হবে।

৩.০ সিদ্ধান্ত :

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

১. সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২০২৪-২০২৫ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুমোদন করা হলো;
২. ২০২৩-২০২৪ অর্থবছরের ৪র্থ কোয়ার্টারের সকল কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে;
৩. সকল দপ্তর/সংস্থার সেবাবক্সে ২০২৪-২০২৫ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুমোদন করে হালনাগাদ করতে হবে;
৪. সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২০২৪-২০২৫ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার অনুমোদিত কপি NIS সফটওয়ারে ৩০ এপ্রিলের মধ্যে দাখিল করতে হবে;
৫. সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৪-২০২৫ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার অনুমোদিত কপি ৩০ এপ্রিলের মধ্যে NIS সফটওয়ারে দাখিল করতে হবে;

৪.০ সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯।৪।২০২৪
মোঃ খায়রুল আলম সেখ
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩১
৩০ এপ্রিল ২০২৪

স্মারক নম্বর - ৪১.০০.০০০০.০১৬.২৩.০১৬.২৩-৪৫

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক (গ্রেড-১), সমাজসেবা অধিদফতর, সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা
২. সকল অতিরিক্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা
৪. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ইস্কাটন, ঢাকা
৫. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ), বনানী, ঢাকা
৬. নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প), টংগী, গাজীপুর
৭. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল সুরক্ষা ট্রাস্ট (এনডিডি), সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা
৮. সকল যুগ্মসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সকল উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয় **( মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
১১. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩০.৪.২০২৪

(মোঃ সিরাজুল হক)
সহকারী সচিব
ফোন: ৯৫১৪০৯৩
E-mail: performance@msw.gov.bd